# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআনে যেখানে যেমন টান আছে, ঠিক তেমন টান দিয়ে পড়ুন

রসূলুল্লাহ (ﷺ) ‘হরফে-মাদ্দ ’ (আলিফ, ওয়াউ ও ইয়া)কে টেনে পড়তেন।[1] কখনো কখনো বিনম্র সুরে ‘আ-আ-আ’ শব্দে অনুরণিত কণ্ঠে কুরআন তিলাওয়াত করতেন।[2]

বলাই বাহুল্য যে, বাংলা অক্ষরে লিখিত কুরআন পাঠ করতে গিয়ে উচ্চারণ সঠিক হয় না। যথাস্থানে টান দেওয়া ও না দেওয়ার ব্যাপারও কঠিন। অতএব যাঁরা আরবী জানেন না, তাঁদের পক্ষে বাংলায় কুরআন পাঠে লাভের চাইতে ক্ষতির সম্ভাবনাই বেশী। অবশ্য ক্বারীর মুখ থেকে শুনে শুনে যা সঠিক ও শুদ্ধভাবে পড়া যায়, তাতে অবশ্যই লাভ আছে।

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫০৪৫, আবূ দাঊদ হা/১৪৬৫

[2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৭৫৪০, মুসলিম

Source — https://www.hadithbd.com/books/link/?id=7912

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন